



ঢাবি' ডীনস কমিটি নির্বাচনে গোয়েন্দা হস্তক্ষেপ ঘটেছে

প্রফেসর আনোয়ারের অভিযোগ
বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডীনস কমিটির নির্বাচনে একটি গোয়েন্দা সংস্থার হস্তক্ষেপের অভিযোগ এনেছেন অগ্নীব বিজ্ঞান অনুষদের ডীন প্রার্থী সাবেক ডীন ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর আনোয়ার হোসেন। একইভাবে সিটি কর্পোরেশন নির্বাচনেও তাদের হস্তক্ষেপ ছিল বলে অভিযোগ ৭.১.১১ ক.১০

প্রফেসর আনোয়ারের অভিযোগ

প্রথম পৃষ্ঠার পর

করেন তিনি। গতকাল (বুধবার) এক সংবাদ সম্মেলনে প্রফেসর আনোয়ার বলেন, গত মঙ্গলবার অনুষ্ঠিত ডীনস কমিটির নির্বাচনে বিএনপি-জামায়াত জোটের বেবে যাওয়া বর্তমান প্রণাসন, বিশ্ববিদ্যালয়ের জামায়াতপন্থী শিক্ষকচক্র এবং একটি গোয়েন্দা সংস্থা একত্রে নতুন হস্তক্ষেপ করেছে। নির্বাচনে বিএনপি-জামায়াত সমর্থিত সাদা দল ৮টি এবং আওয়ামী লীগ ও বাম সমর্থিত নীল ও গোলাপী দল থেকে ১টি করে অনুদানে ডীন নির্বাচিত হয়। গ্রীষ্মকাল অনুদানে নীল দলের প্রার্থী ছিলেন অনুদানের সাবেক ডীন প্রফেসর আনোয়ার হোসেন। গতকাল সাদা দলের প্রার্থী প্রফেসর ড. আবুল বাশার জয় লাভ করেন।

সংবাদ সম্মেলনে প্রফেসর আনোয়ার বলেন, একটি বিশেষ গোয়েন্দা সংস্থা ডীনস কমিটির নির্বাচনকে প্রভাবিত করেছে। তারা শিক্ষকদের ফোন করে বিশেষ দলের প্রার্থীকে ভোট দিতে বলেছে। ইতিপূর্বে শিক্ষক সমিতির নির্বাচন অনুষ্ঠানের বিরুদ্ধে বর্তমান প্রণাসন ও একটি গোয়েন্দা সংস্থা একইভাবে নতুন হস্তক্ষেপ করেছিল। ডীনস নির্বাচনে তারা শিক্ষকদের নানাভাবে উত্ত-ক্রীতি প্রদর্শন করে তাদের প্রভাবিত করার চেষ্টা করেছে। তিনি বলেন, জামায়াতপন্থী প্রণাসন ও একটি গোয়েন্দা সংস্থা ভর্তক বিশ্ববিদ্যালয় পর্যায়ের নির্বাচনে একত্রে নতুন হস্তক্ষেপ দেশে একটি দুর্ভাগ্যজনক নির্বাচনের মাধ্যমে গণতন্ত্র প্রতিষ্ঠার পথে গভীর আগ্রহ ও সংশয়ের সৃষ্টি করেছে। ডীনস কমিটির নির্বাচনে গোয়েন্দা সংস্থার হস্তক্ষেপ রয়েছে জানার পরও কেন নির্বাচন বর্জন করেননি এ প্রশ্নের অবশ্যই তিনি বলেন, আমরা শিক্ষকদের উপর আস্থা রাখছিলাম। কিছু পের পর্বে তারা প্রভাবিত হয়েছেন। গোয়েন্দা সংস্থার হস্তক্ষেপের প্রমাণ কি-সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে তিনি বলেন, ১৮ আগস্ট এই সংস্থা থেকে জানতে ফোন করে হালেক আপনার সাথে জরুরী কথা আছে, বসতে চাই। নির্বাচনে জরুরী হন কি না এ ব্যাপারেও জানতে চান। সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রফেসর আনোয়ার বলেন, বর্তমান সরকারি অবস্থায় বিশেষ গোয়েন্দাদের অনুশীলনের অপতৎপরতা হিসেবে অনুষ্ঠিতব্য জাতীয় নির্বাচনকে গভীর অনিশ্চয়তা ও হারামক স্থগিত রাখা ফলে হয়েছে। এনতভাবেই অনিশ্চয়তা অবস্থা প্রত্যাহার করে একটি বছর নিরপেক্ষ ও প্রযোজ্য নির্বাচন অনুষ্ঠান করে নির্বাচিত জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরই হবে দেশের সবুজ ক্ষেত্রের হাত থেকে রক্ষার একমাত্র উপায়। তিনি বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রণাসনের আমলে আর কোন নির্বাচনে সূচনুষ্টি ও প্রগতির সপক্ষে শিক্ষকদের অসম্মত কোনভাবেই উচিত হবে না। ১৯৮৯ সালে সাদা দল করতেন, এখন নীল দল করতেন। এখনও তখন শিক্ষকরা আপনাকে গ্রহণ করেনি এটা জানতে চাইলে তিনি বলেন, সাদা দলের শিক্ষকরা যখন কোন রাজনৈতিক দলের সাথে জড়িত ছিল না, তখন আমি তাদের সাথে ছিলাম। যখন তারা বিএনপিকে সমর্থন করল তখন আমি সাদা দল থেকে বেরিয়ে এসে নীল দলে যোগদান করি।

সংবাদ সম্মেলনে আনোয়ার মাথা উপস্থিত ছিলেন ড. তত্ত্ব বিভাগের প্রফেসর ড. হোসেন মনসুর, আইন বিভাগের সহযোগী অধ্যাপক ড. পের হাফিজুর রহমান কার্জন প্রমুখ।